হাওর এলাকায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ক্ষতিগ্রস্থ বাঁধ মেরামত, নদী/খাল পুনঃখননেন জন্য স্কীম প্রস্তুত ও বাস্তবায়নের নিমিত্তে অনুষ্ঠিত কাবিটা নীতিমালা-২০১৭ অনুযায়ী উপজেলা কমিটির সভার কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| সভার স্থান | ঃ | উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ, জামালগঞ্জ, সুনামগঞ্জ। |
| তারিখ | ঃ | ১৫/০১/২০১৮ খ্রিঃ। |
| সময় | ঃ | সকাল ১১.০০ ঘটিকা। |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট "ক" (সংযুক্ত) |

সভার প্রথমেই সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। গত সভার রেজুলেশন সভায় পাঠ করে শুনান এবং দৃঢ়করন করা হয়। সভায় জামালগঞ্জ উপজেলাধীন হাওর সমূহের কাবিটার স্কীম গুলোর ৪০ (চল্লিশ)টি চূড়ান্ত প্রাক্কলন সদস্য সচিব সভায় তুলে ধরেন। এর মধ্যে ৩৪ টি পুরাতন কমিটির এবং ৬ টি নতুন প্রকল্প উপস্থাপন করা হয়। উপস্থাপিত নতুন ৬টি প্রকল্প জেলা কমিটি কর্তৃক অনুমোদন সাপেক্ষে নতুন পিআইসি গঠন করা হবে।

২। হাওরের জলাবদ্ধতা নিরসনের জন্য সুনামগঞ্জ পওর বিভাগ-১ ও ২ এর আওতায় ২ (দুই) লক্ষ টাকা অত্র জামালগঞ্জ উপজেলায় বরাদ্দ প্রদান করা হয়েছে। যা বিগত ২১/১২/২০১৭ খ্রিঃ তারিখের সভায় সদস্যগণের প্রস্তাবের প্রেক্ষিতে উক্ত ২ লক্ষ টাকা ইউনিয়ন ভিত্তিক উপ বরাদ্দ প্রদান করা হয়। কিন্তু অদ্যকার সভায় সদস্য সচিব কর্তৃক উপস্থাপিত প্রাক্কলনের মর্মমতে নিম্ন বর্ণনা মোতাবেক পুনঃউপবরাদ্দ প্রদান ক্রমে ২টি পিআইসি কমিটি গঠন করা হয়। পিআইসি নিম্নরূপ-

প্রকল্প বাস্তবায়নের কমিটি(পিআইসি)

| | | |
|---|---|---|
| ইউনিয়ন পরিষদের নাম | ঃ | ফেনারবাঁক ইউনিয়ন পরিষদ, জামালগঞ্জ, সুনামগঞ্জ। |
| স্কিমের নাম (চেইনেজসহ) | ঃ | পাগনার হাওরের পানি নিস্কাশন |
| উপজেলার নাম | ঃ | জামালগঞ্জ। |
| মোট বরাদ্দের পরিমাণ | ঃ | ১২৪৬৪৭.৫৭ |
| প্রকল্প বাস্তবায়ন কমিটি নং | ঃ | ৭১ |
| অনুমোদিত অর্থের পরিমাণ | ঃ | |

| প্রকল্প ক্রমিক নং | ইউনিয়নের নাম | সদস্যদের নাম ও ঠিকানা | পেশা | পিআইসিএর পদের নাম চেয়ারপারসন/সদস্য | বরাদ্দের পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | ফেনারবাঁক | জনাব মোঃ সানোয়ার হোসেন<br>পিতা- মৃত হাজী সিরাজ উদ্দিন, সাং-শান্তিপুর | কৃষক | চেয়ারপারসন | ১২৪৬৪৭.৫৭ | |
| | | জনাব মোঃ শাহাদাত হোসেন<br>পিতা- মৃত রেজুয়ান আলী, সাং-লক্ষীপুর | কৃষক | সদস্য সচিব | | |
| | | জনাব মৃনাল কান্তি দাস<br>পিতা- মৃত মৃত্যুঞ্জয়, সাং-কাশিপুর | কৃষক | সদস্য | | |
| | | জনাব মোঃ জাকির হোসেন<br>পিতা-মোঃ মকবুল হোসেন, সাং-লক্ষীপুর | কৃষক | সদস্য | | |
| | | জনাব মোঃ আব্দুল মজিদ<br>পিতা- মোঃ মৃত আশকর আলী, সাং-নাজিমনগর | কৃষক | সদস্য | | |

প্রকল্প বাস্তবায়নের কমিটি(পিআইসি)

| | | |
|---|---|---|
| ইউনিয়ন পরিষদের নাম | ঃ | জামালগঞ্জ উত্তর ইউনিয়ন, জামালগঞ্জ, সুনামগঞ্জ। |
| স্কিমের নাম (চেইনেজসহ) | ঃ | হালির হাওরের রাতলার সুইচগেইট পানি নিস্কাশন |
| উপজেলার নাম | ঃ | জামালগঞ্জ। |
| মোট বরাদ্দের পরিমাণ | ঃ | ৭৪৮২৪.৭৮ |
| প্রকল্প বাস্তবায়ন কমিটি নং | ঃ | ৭২ |
| অনুমোদিত অর্থের পরিমাণ | ঃ | |

| প্রকল্প ক্রমিক নং | ইউনিয়নের নাম | সদস্যদের নাম ও ঠিকানা | পেশা | পিআইসিএর পদের নাম চেয়ারপারসন/সদস্য | বরাদ্দের পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | জামালগঞ্জ উত্তর | জনাব আশরাফুল আলম<br>পিতা- মৃত ছিফত আলী, সাং-পঃলম্বাবাঁক | কৃষক | চেয়ারপারসন | ৭৪৮২৪.৭৮ | |
| | | জনাব আঃ সামাদ<br>পিতা- কাসেম আলী সাং- পঃলম্বাবাঁক | কৃষক | সদস্য সচিব | | |
| | | জনাব আঃ মন্নান<br>পিতা- মৃত জাহেদ আলী, সাং- | কৃষক | সদস্য | | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | পঃলম্বাবাঁক | | | | |
| | | জনাব আলী উসমান<br>পিতা-মোজাম্মিল,সাং-ঝুনুপুর | কৃষক | সদস্য | | |
| | | জনাব ফইজ উদ্দিন<br>পিতা- মৃত সোনা মিয়া, সাং-ঝুনুপুর | কৃষক | সদস্য | | |

৩। সভায় উপস্থাপিত ৪০ টি প্রকল্প দেখা যায় যে, প্রায় প্রতিটির চেইনেজ এবং বরাদ্দকৃত টাকা পরিবর্তন হয়েছে (প্রাক্কলন সমূহ সংযুক্ত)।

৪। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ডের ০৭/০১/২০১৮ খ্রিঃ তারিখের ৭৭২, নং স্মারকের প্রেক্ষিতে নির্দেশনা দেওয়া হয় যে, হাওরের ডুবন্ত বাঁধের কাজে ভিজা মাটি ব্যবহার করা যাবে না এবং ক্লে-সয়েল ব্যবহারপূর্বক কাজ বাস্তবায়ন করতে হবে। কিন্তু বাস্তব অবস্থার প্রেক্ষিতে ভিজা মাটি ছাড়া হাওরের কাজ বাস্তবায়ন করা সম্ভব নয়।

৫। সদস্য সচিব জানান যে, অত্র জামালগঞ্জ উপজেলায় প্রায় ২০০ কিঃমিঃ বাঁধে ২জন উপ-সহকারী প্রকৌশলী/ শাখার কর্মকর্তার পক্ষে কাজের গুনগত মান, বাস্তবায়নের স্বার্থে মনিটরিং ও অন্যান্য দাপ্তরিক কার্যক্রম এক সাথে সম্ভব নয়। বিধায় ৩ মাসের জন্য আউট সোর্সিং ভিত্তিতে ২ (দুই) জন লোক নিয়োগের প্রস্তাব রাখেন এবং প্রয়োজনীয় সংখ্যক লোকবল চেয়ে পত্র প্রেরণের বিষয়ে আলোচনা হয়।

৬। উপজেলা কমিটির সদস্য জনাব খলিলুর রহমান সভায় অবহিত করেন যে, নীতিমালা মোতাবেক বাঁধের আশে পাশের কৃষকদের সমন্বয়ে পিআইসি গঠিত হওয়ার বিধান থাকলেও হাওরের বড় বড় কৃষকদের ও হাওর সংশ্লিষ্ট অধিকাংশ সংখ্যক গ্রামকে বাঁধের কাজে অংশগ্রহণ নিশ্চিত করার জন্য বাধেঁর দূরবর্তী/তীরবর্তী গ্রামসমূহ হতে পিআইসি প্রস্তাবনা করা হয়েছে। এতে সংশ্লিষ্ট হাওরের দূরবর্তী/তীরবর্তী সকল কৃষকদের অংশগ্রহণ নিশ্চিত হয়েছে।

৭। সভায় সভাপতি অবহিত করেন যে, জানুয়ারী মাসের ১৫ তারিখ অতিবাহিত হওয়ার পরও অত্র উপজেলার সকল প্রকল্পের প্রাক্কলন অদ্যবধি সম্পূর্ণ হয়নি। ফলে সভাপতি যথাসময়ে কাজ বাস্তবায়নে শংকা প্রকাশ করেন।

৮। সভায় সভাপতি জানান যে, দ্রুত কাজ সম্পাদনের জন্য জেলা প্রশাসক ও নির্বাহী প্রকৌশলী, পাউবো, সুনামগঞ্জ কার্যাদেশ প্রদানের জন্য মৌখিক ভাবে অনুরোধ করেন।

৯। সভাপতি জানান যে, জরুরী প্রয়োজনে অনেক সভা আহবান করার প্রয়োজন হয়। কিন্তু অল্প সময়ের মধ্যে নোটিশ জারী করে সভা আহব্বান করা সম্ভব নয় বিধায় মোবাইল ফোন/এসএমএস এর মাধ্যমে সভার আমন্ত্রণ জানানোর বিষয়টি সভায় উপস্থাপন করেন।

১০। সভাপতি সদস্যদের জানান যে, সময় সল্পতার কারণে সবার কাছে কার্যবিবরণী প্রেরণ করা সম্ভব হয় না, বিধায় সভার সকল কার্যবিবরণী ওয়েব পোর্টোলে(www.jamalganj.sunamganj.gov.bd) আপলোড করা হবে।

সিদ্ধান্তঃ

১। সভায় উপস্থাপিত ৪০ টি প্রকল্পের চূড়ান্ত প্রাক্কলন সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

২। পানি নিস্কাশনের নিমিত্তে গঠিত প্রকল্প কমিটি ও কমিটি ভিত্তিক উপ-বরাদ্দ সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

৩। বাস্তবতার প্রেক্ষিতে চেইনেজ ও বরাদ্দ পরিবর্তন হওয়ায় পরিবর্তিত চেইনেজ ও বরাদ্দ সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

৪। বাস্তব অবস্থার প্রেক্ষিতে হাওরের বাঁধ সমূহের আশেপাশে শতভাগ শুকনো মাটি ও ক্লে-সয়েল নিশ্চিত করা সম্ভব নয়। এ বিষয়ে মতামত চেয়ে যথাযথ কর্তৃপক্ষ বরাবরে জরুরী ভিত্তিতে পত্র প্রেরণের জন্য সদস্য সচিবকে অনুরোধ জানানো হয়।

৫। আউট সোর্সিং ভিত্তিতে ২ (দুই) জন লোক নিয়োগের বিষয়ে এবং প্রয়োজনীয় সংখ্যক লোকবল চেয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত হয়।

৬। বাঁধের তীরবর্তী/দূরবর্তী গ্রামসমূহের হাওরে যাদের জমি আছে এমন লোকদের নিয়ে পিআইসি গঠনের বিষয়টি সভায় সর্বসম্মতিভাবে সিদ্ধান্ত গৃহীত হয়।

৭। নীতিমালা অনুযায়ী দ্রুত প্রাক্কলন প্রস্তুত করার জন্য সদস্য সচিবকে জোড়ালো তাগিদ প্রদান করা হয়।

৮। জেলা প্রশাসক ও নির্বাহী প্রকৌশলী, পাউবো, সুনামগঞ্জ এর মৌখিক অনুরোধের প্রেক্ষিতে অদ্যই কার্যাদেশ প্রদানের জন্য সদস্য সচিবকে অনুরোধ করা হয়। পরবর্তীতে জেলা কমিটির অনুমোদনের পর যদি কোন পরিবর্তন করার প্রয়োজন হয়, তাহলে পরিবর্তন করা হবে।

৯। মোবাইল ফোন/এসএমএস এর মাধ্যমে সভার আমন্ত্রণ জানানোর বিষয়টি সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

১০। সকল সদস্যকে অত্র উপজেলার ওয়েব পোর্টাল www.jamalganj.sunamganj.gov.bd হতে কার্যবিবরণী ডাইনলোড করে পড়ার জন্য অনুরোধ করা হলো।

সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

( মোঃ শামীম আল ইমরান )
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
কাবিটা স্কীম বাস্তবায়ন ও মনিটরিং উপজেলা কমিটি
জামালগঞ্জ, সুনামগঞ্জ।

স্মারক নংঃ ০৫.৪৬.৯০৫০.০০০.৫৪.১১৪.১৬- ৫১(১৫)

তারিখঃ ২৫ /০১/২০১৮ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

০১। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা-২২৪, সুনামগঞ্জ-১।
০২। জেলা প্রশাসক ও সভাপতি, কাবিটা স্কীম বাস্তবায়ন ও মনিটরিং জেলা কমিটি, সুনামগঞ্জ।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালগঞ্জ, সুনামগঞ্জ।

অনুলিপি-কার্যার্থেঃ

০৪। নির্বাহী প্রকৌশলী, বাপাউবো ও সদস্য সচিব, কাবিটা স্কীম বাস্তবায়ন ও মনিটরিং জেলা কমিটি, সুনামগঞ্জ।
০৫। উপজেলা------------------------------------কর্মকর্তা, জামালগঞ্জ, সুনামগঞ্জ।
০৬। চেয়ারম্যান, ------------------------------ইউপি(সকল), জামালগঞ্জ, সুনামগঞ্জ।
০৭। জনাব ------------------------------------------------------- প্রতিনিধি, জামালগঞ্জ, সুনামগঞ্জ।
০৮। অফিস কপি/সংরক্ষণ নথি।

(নিহার রঞ্জন দাস)
শাখা কর্মকর্তা
জামালগঞ্জ পওর শাখা-২
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সুনামগঞ্জ
ও
সসদ্য-সচিব
কাবিটা স্কীম বাস্তবায়ন ও মনিটরিং উপজেলা কমিটি
জামালগঞ্জ, সুনামগঞ্জ।